# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ দশম  বিষয় ঃ ইসলামের ইতিহাস (বহুনির্বাচনী)**

**সময় ঃ ৩০ মিনিট  পূর্ণমান ঃ ৩০**

[সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। প্রশ্নপত্রে কোন দাগ দেওয়া যাবে না]

১। আইয়্যামুল আরব অর্থ কী?
ক) দুঃখের দিন  খ) সুখের দিন  গ) অন্ধকার দিন  ঘ) আরবের দিন

২। আরব শব্দের আভিধানিক অর্থ কী?
ক) যাযাবর  খ) বৃক্ষলতাহীন  গ) বনাঞ্চল  ঘ) বাগ্মিতা

৩। ফেরাত নদীর অপর নাম কী?
ক) নীল  খ) দজলা  গ) টাইগ্রীস  ঘ) ইতফ্রেটিক

৪। খেজুর গাছ আরবে কি নামে পরিচিত?
ক) রাজবৃক্ষ  খ) সবুজ বৃক্ষ  গ) ফুতট্রি  ঘ) বৃক্ষরানী

৫। আরবে কোন অঞ্চলে সোনা পাওয়া যায়?
ক) মক্কা  খ) মদীনা  গ) কাতার  ঘ) ইয়েমেন

৬। হুদহুদ কী ধরনের পাখি?
ক) ব্রুটিওয়ালা  খ) লেজওয়ালা  গ) শিংওয়ালা  ঘ) সুরওয়ালা

৭। আরবী সাহিত্যের বর্ণিত আলকাতা নামে পরিচিত পাখি কোনটি?
ক) তিতির  খ) তিমির  গ) বুলবুল  ঘ) টিয়া

৮। মিশরীয় সভ্যতা কোন ধরনের সভ্যতা?
ক) নীতিধর্ম ভিত্তিক  খ) আইনশাস্ত্র ভিত্তিক
গ) জ্ঞান-বিজ্ঞান ভিত্তিক  ঘ) প্রচার ভিত্তিক

৯। উম্মুল কুরা বলা হয় কোন নগরী কে?
ক) মক্কা  খ) মদীনা  গ) তায়েফ  ঘ) হেজাজ

১০। আমুল হুযন বলা হয় কোন নাগরীকে?
ক) ৫২০  খ) ৬২০  গ) ৫৭০  ঘ) ৬৭০

১১। আমুল ফিল বলা হয় কোন সন কে?
ক) ৫২০  খ) ৬২০  গ) ৫৭০  ঘ) ৬৭০

অনুচ্ছেদটি পড়ে ১২ ও ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ
এখন যদি আঘাত লেগে থাকে তাহলে এর আগে এ ধরনের আঘাত লেগেছে তোমাদের বিরোধী পক্ষের গায়েও।

১২। উল্লিখিত আঘাত বলতে কোন যুদ্ধ কেন বুঝানো হয়েছে?
ক) বদর  খ) উহুদ  গ) খন্দক  ঘ) হুনাইন

১৩। উক্ত যুদ্ধ মুসলমানদের জন্য -
i) বিজয়ের প্রতীক ছিল
ii) আগামী দিনের জন্য শিক্ষা ছিল
iii) আর্থিক শক্তির ভিত্তি ছিল
নিচের কোন্‌টি সঠিক?
ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii

১৪। হুদায়বিয়ার সন্ধি সংগঠিত হয় কত খ্রিষ্টাব্দে?
ক) ৬২৫  খ) ৬২৬  গ) ৬২৭  ঘ) ৬২৮

১৫। কত হিজরী সালে মক্কা বিজয় হয়
ক) ৬ষ্ঠ  খ) ৭ম  গ) ৮ম  ঘ) ৯ম

১৬। কোন যুদ্ধকে আহযাবেরর যুদ্ধ বলা হয়?
ক) বদর  খ) খন্দক  গ) উহুদ  ঘ) মূতা

১৭। কত খ্রীষ্টাব্দে সিন্ধু বিজয় হয়?
ক) ৭১২  খ) ৭১৩  গ) ৭১৪  ঘ) ৭১৫

১৮। ত্বরাইনের ২য় যুদ্ধ কত সালে হয়?
ক) ১১৯০  খ) ১১৯১  গ) ১১৯২  ঘ) ১১৯৩

১৯। বাংলাদেশের কোন অঞ্চলের ভাষায় প্রচুর আরবী শব্দ ব্যবহৃত হয়।
ক) ঢাকা  খ) চট্রগাম  গ) খুলনা  ঘ) নোয়াখালী

২১। প্রাচীন বাংলা কিসের জন্য বিখ্যাত ছিল?
ক) মৃৎশিল্প  খ) যাত্রাশিল্প  গ) কাষ্ঠশিল্প  ঘ) কুটিরশিল্প

২১। খারেজী শব্দের অর্থ কী?
ক) দেশত্যাগী  খ) দলত্যাগী  গ) আত্মত্রাগী  ঘ) স্বার্থত্যাগী

২২। মদীনার পূর্ব নাম কি?
ক) আবিসিনিয়া  খ) ইয়াসরিব
গ) নজদ  ঘ) ইয়েমেন

২৩। পালরাজ বংশের প্রতিষ্ঠাতা কে?

ক) ন্যায়পাল খ) গোপাল গ) জয়পাল ঘ) হাড়িনাল

২৪। বাংলা ইসলাম প্রচারের পর্যায় কয়টি ছিল?

ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

২৫। কোন সুলতান ঘোড়ার পিঠ থেকে পড়ে মৃত্যুবরণ করেন?

ক) সুলতান মাহমুদ খ) ইবনে কাসিম

গ) মুহাম্মদ ঘুরী ঘ) কুতুবদ্দীন আইবেক

২৬। সোনার গায়ে কে ইসলাম প্রচার করেন

ক) বাবা আদম শহীদ খ) মাহী যাওয়ার বলখী

গ) রৌশন আরা ঘ) শরফুদ্দীন আবু তাওয়ামা

২৭। কোন শাসক ইসলাম প্রচারের জন্য পাঁচমন স্বর্ন দান করেছিলেন?

ক) তুগরিল খান খ) শের খান

গ) আযম খান ঘ) ইসমত খান

২৮। কোন খলীফাকে ذو النورين বলা হয়?

ক) আবু বকর (রা) খ) ওমর (রা) গ) ওসমান (রা) ঘ) আলী (রা)

২৯। কোন ভন্ডনবী কুরআনের বাণী নকল করে নিজস্ব পদ্ধতিতে নামাজ চালু করেন?

ক) মুসাইলামা খ) তুলাইহা

গ) সাজাহ ঘ) আসওয়াদ আনাসী

৩০। কোন যুদ্ধকে মৃত্যুর বাগান বলা হয়?

ক) ইয়ারমুক খ) ইয়ামামা

গ) জসর ঘ) কাদেসিয়া

# তা'মীরুল মিল্লাত কামিল মাদ্‌রাসা, ঢাকা

## প্রাক নির্বাচনী অনলাইন পরীক্ষা-২০২০

**শ্রেণি ঃ দশম** **বিষয় ঃ ইসলামের ইতিহাস (সৃজনশীল)**

সময় ঃ ২:৩০ ঘণ্টা বিষয় কোড: ১০৯ পূর্ণমান ঃ ৭০

**যে কোন ৭টি উত্তর দাও** **১০×৭=৭০**

১। প্রাচীন বাংলার জনপদ সমূহের মধ্যে অন্যতম বিছু বঙ্গ, পুন্ড্র গৌড়, রায়, সমতট, হরিকেল ও বরেন্দ্র। এগুলোর মধ্যে সবচেয়ে প্রাচীন জনপদ হল পুন্ড্র। এ নগরী প্রাচীনতম শিলালিপি ও প্রত্নতাত্তিক নিদর্শনের জন্য বিখ্যাত ছিল।

ক) পৃথিবীর বৃহত্তম উপদ্বীপের নাম কি? ১

খ) মিসরকে নীল নদের দান বলা হয় কেন? ২

গ) প্রাচীন বাংলার পুন্ড্র জনপদ ইসলামের ইতিহাসে কোন নগরীর সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত নগরীর গুরুত্ব পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। মধুপুর গ্রামে হঠাৎ ডায়রিয়ার প্রকোপ দেখা দেয়। এ অবস্থা থেকে উত্তরণের জন্য গ্রামবাসী সর্বাত্মক চেষ্টা চালায়। কিন্তু নেতৃত্ব নিয়ে চরম দ্বন্দ্ব দেখা দেয়। এ অবস্থায় গ্রামের বিশিষ্ট সমাজসেবী ও শিক্ষাবিদ ড. আ: সিকদার সাহেব সবার মতামতের ভিত্তিতে রোগীদের সেবা কার্যক্রম চালিয়ে যান। পাশাপাশি ভবিষ্যতে যাতে এলাকার যে কোন বিপদ আপদে মানুষ সাহায্য পেতে পারে তার জন্য গ্রাম স্বাস্থ্যকর কমিটি গঠন করেন।

ক) আরবের সুন্দর ও স্বাস্থ্যকর স্থানের নাম কী? ১

খ) আইয়্যামে জাহেলীয়াহ বলতে কী বুঝ? ২

গ) ড. আ: সিকদার সাহেব মহানবী (সা:) এর কোন শিক্ষা অনুসরণে নেতৃত্বের দ্বন্দ্বের সমাধান করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) ড. আ: সিকদার সাহেবের গ্রাম কমিটি যেন মহানবী (সা:) এর উক্ত আদর্শের প্রতিফলন-তুমি কি একমত? বিশ্লেষণ কর। ৪

৩। রফিক সাহেব তার জন্মস্থান রসূলপুরে জনকল্যাণমূলক কাজ ও ধর্মীয় বিষয় প্রচার করে আসছিলেন। তার এ কাজকে ক্ষমতাসীনরা তাদের ক্ষমতা হারানোর হুমকিস্বরূপ মনে করে এবং নানাভাবে রফিক সাহেবের বিরোধিতা শুরু করে। এক পর্যায়ে এ স্থান তার জীবন যাপনের জন্য কঠিন হয়ে দাড়ালে তিনি দূরবর্তী অঞ্চলে চলে যান। সেখানে তিনি নির্বিঘ্নে শেষ জীবন কাটিয়ে দেন।

ক) হযরত মুহাম্মদ (সা:) কতসনে হিজরত করেন? ১

খ) আমুল হুযন বলতে কি বুঝায়? ২

গ) রফিক সাহেবের উক্ত ঘটনা ইসলামের ইতিহাসের কোন ঘটনাকে মনে করিয়ে দেয়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকের ঘটনা ও মহানবী (সা:) এর ঘটনা পুরোপুরি এক নয়- তুমি কি একমত? তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪। রতনপুর গ্রামে বেপারী ও খান বংশের মধ্যে দীর্ঘ দিন যাবৎ ঝগড়া চলে আসছিল। এ সময় শাহিন সাহেব রতনপুর আগমন করে সকল বংশ ও অনুসারীদের মধ্যে বিভেদ কুন্দল দূর করার জন্য একটি আচরণবিধি প্রণয়ন করেন। এতে রতনপুরে স্থায়ী শান্তি ও শৃঙ্খলা প্রতিষ্ঠিত হয়।

ক) কত সালে বদর যুদ্ধ সংগঠিত হয়? ১

খ) কিতাব আর রসূল বলতে কী বুঝায়? ২

গ) উদ্দীপকের ঘটনার সাথে ইসলামের ইতিহাসের কোন ঘটনার মিল পাওয়া যায়? ৩

ঘ) শান্তি প্রতিষ্ঠায় শাহিন সাহেবের ভূমিকা তোমার পাঠ্যইয়ের আলোকে মুল্যায়ন কর। ৪

৫। বিশ্বের সপ্তাশ্চার্যের একটি চীনের মহা প্রাচীর। সম্রাট ওয়াং সিয়াংতি নির্মানকরেন। প্রায় ২১ হাজার কি:মি: দীর্ঘ এ প্রাচীরটি চীনের উত্তর পাশে পূর্ব থেকে পশ্চিম সীমান্তে বিস্তৃত। চীনকে বহি:শত্রুর আক্রমণ থেকে সুরক্ষাই ছিল তার মূল লক্ষ্য।

ক) কত হিজরী সনে হুদায়বিয়ার সন্ধি সংঘটিত হয়? ১

খ) উহুদ যুদ্ধে মুসলমানদের বিপর্যায়ের কারণ কি ছিল? ২

গ) উদ্দীপকে বর্ণিত আত্মরক্ষার কৌশলের সাথে ইসলামে কোন যুদ্ধের ইঙ্গিত পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত যুদ্ধে মুসলমানদের বিজয় এবং চীনকে সুরক্ষার কৌশল একই সূত্রে গাঁথা। তুমি কি একমত? যুক্তি দাও। ৪

৬। সায়েম সাহেব ঈদ উপলক্ষ্যে তার পরিবারের জন্য কেনাকাটা করেন। তিনি তার দুই মেয়ে ও কাজের মেয়ের জন্য একই মূল্যের পোশাক ক্রয় করায় তার স্ত্রী মীনা বেগম রেগে গিয়ে বলেন, নিজের সন্তান আর কাজের মেয়ের পোশাক কখনো একই রকম হতে পারে না।

ক) কত সালে বিদায় হজ্ব সংগঠিত হয়? ১

খ) খালেদ বিন ওয়ালিদ (রা) কে সাইফুল্লাহ উপাধী দেয়ার কারণ কি ছিল? ২

গ) মীনা বেগমের মনোভাব সঠিক কি? ব্যাখ্যা কর। ৩

ঘ) তোমার পাট্যবইয়ের আলোকে সায়েম সাহেবের কাজের মুল্যায়ন কর। ৪

৭। ইরফান খান দেশের অর্থমন্ত্রী হয়ে অর্থনীতির আমূল পরিবর্তনের লক্ষ্যে ভ্যাট নামে এ নতুন করারোপ করলেন। ব্যবসায়ীগণ ভ্যাটের বিরুদ্ধে আন্দোলন করে এবং ভ্যাট প্রদানে অস্বীকৃতি জানায়। কিন্তু অর্থমন্ত্রীর কঠোর পদক্ষেপের কারণে ব্যবসায়ীগণ ভ্যাট প্রদান করতে সম্মত হয়। ফলে অর্থনীতির বিপ্লব সাধিত হয়।

ক) খলিফা শব্দের অর্থ কী? ১

খ) খোলাফায়ে রাশেদীন বলতে কী বুঝায়? ২

গ) ভ্যাট প্রদানের অস্বীকৃতির ঘটনার সাথে খোলাফায়ে রাশেদার কোন ঘটনার সাথে মিল পাওয়া যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) অর্থনীতিতে বিপ্লব সাধনের ক্ষেত্রে ইরফান খান খোলাফায়ে রাশেদীনের নীতিকে অনুসরণ করেছিলেন- এ বক্তব্যের সাথে তুমি একমত কি? বিশ্লেষণ কর। ৪

৮। মীরপুর পৌরসভার মেয়র নির্বাচিত হয়ে তার প্রতিষ্ঠানে কিছু কর্মচারী নিয়োগ দেন। এদের মধ্যে কয়েকজন ছিল তার নিকটাত্মীয়। কিছুদিন পর মেয়র বিরোধী কতিপয় ব্যক্তি তার বিরুদ্ধে স্বজনপ্রীতি এবং অর্থ আত্মসাৎসহ কিছু অভিযোগ উপস্থাপনা করে। বিদ্রোহীরা এক পর্যায়ে মেয়রের বাড়ী অবরোধ করে এবং মেয়রকে হত্যা করে।

ক) আসাদুল্লাহ কার উপাধী? ১

খ) যুন নুরাইন বলতে কী বুঝায়? ২

গ) মেয়র হত্যার ঘটনাটি ইসলামের কোন খলিফার শাহাদাতের ঘটনার সঙ্গে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ) উদ্দীপকে বর্ণিত ঘটনার অনুরূপ ঘটনা ইসলামে গৃহযুদ্ধের সূচনা করে-তুমি কি উক্তিটির সাথে একমত? পাঠ্য বইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। রবীনামের কাবুলিওয়ালা গল্পের রহমতের মত ফিরোজও প্রতি বছর কাবুল থেকে কিসমিস, বাদাম, পেস্তার মত নানা সামগ্রী নিয়ে ভারতে আসে। সারা বছর বিক্রি বাট্টা শেষে তার যে লাভ হয় তা নিয়ে সে স্বদেশে চলে যায়। ভারত থেকে লাভ করা সঞ্চিত টাকা দিয়ে সে কাবুলে একটি সুরম্য অট্টালিকা ও তৈরি করে।

ক) সুলতান মাহমুদ কতবার ভারতবর্ষ আক্রমণ করেন? ১

খ) গজনী বংশের পতনের কারণ বর্ণনা কর। ২

গ) সুলতান মাহমুদের ভারত অভিযানের কোন উদ্দেশ্যের সাথে ফিরোজের ভারতে ব্যবসা করার মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) সুলতান মাহমুদের ভারত অভিযানের পেছনে একাধিক কারণ ছিল বলে কি তুমি মনে কর? পাঠ্যবইয়ের আলোকে বর্ণনা কর। ৪

১০। খাস জমি দখল করতে গিয়ে ফুলপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ভূমি দস্যুদের হাতে নাজেহাল হয়ে ফিরে আসেন। পরবর্তীতে র‍্যাব ও বিশেষ বাহিনীর সহায়তায় পুনরায় অভিযান চালালে ভূমি দস্যুরা জমি ছেড়ে অন্যত্র চলে যেতে বাধ্য হয়।

ক) আরবগণ কতসালে সিন্ধু জয় করেন? ১

খ) আরবদের কর্তৃক সিন্ধু অভিযানের মূল কারণ কী ছিল? ২

গ) উদ্দীপকের ঘটনার সাথে মুহাম্মদ ঘুরীর কোন অভিযানের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) উক্ত অভিযানের ফলাফল তোমার পাঠ্যবইয়ের আলোকে মূল্যায়ন কর। ৪

১১। ডাঃ সাদাত সাহেব রহমতপুরে নতুন এসেছে। তিনি অত্যন্ত ভদ্র ও নম্র স্বভাবের লোক। তার ব্যবহারে ও চিকিৎসা সেবায় রহমতপুরবাসী মুগ্ধ। তার যশ ও খ্যাতির কথা সর্বত্র ছড়িয়ে পড়ে। দূর-দূরান্ত থেকে রোগী তার চিকিৎসা নিতে আসে।

ক) কোন শাসক ইসলাম প্রচারের জন্য পাঁচমন স্বর্ণ দান করেছিলেন? ১

খ) তৌহিদবাদ বলতে কী বুঝায়? ২

গ) ডাক্তারের মধ্যে শাহ সুলতান রুমীর কোন গুণটি লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ) 'ধর্ম প্রচারকদের উক্ত গুণটির কারণেই বাংলায় ইসলাম প্রচার সহজ হয়েছিল'- উক্তিটির সাথে তুমি একমত কি? বিশ্লেষণ কর। ৪